



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
সাধারণ সেবা উপ-বিভাগ



সূত্র নং- ১/১২/১০৪/ ৬৭০০
তারিখঃ ০৮ মার্চ ২০২০

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

বিষয়ঃ আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং শাখা সূমহে অগ্নি নির্বাপক যন্ত্র ক্রয় ও স্থাপন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় এর সূত্র ডিবিআই-৩(বিব্যাউবি-আনসার)/০৩(২)/২০২০-৩৯৬ তারিখ ২৩-০২-২০২০ মোতাবেক সখিপুর শাখা, টাংগাইল এর উপর ৩০-০৬-২০১৯ তারিখ স্থিতি ভিত্তিক ৫ম বিশদ পরিদর্শন প্রতিবেদনের ৪.০ নং অনুচ্ছেদের প্রামাণিক দলিলসহ সর্বশেষ অগ্নি নিবৃত্তি অবহিত করার জন্য নিম্নোক্তভাবে বলা হয়েছে:

“শাখার সার্বিক নিরাপত্তার স্বার্থে এবং জরুরী প্রয়োজনে ব্যবহারের জন্য বালু ও পানি ভর্তি বালতি সংরক্ষণ করার পাশাপাশি সেখানে একটি অগ্নি নির্বাপক যন্ত্র রাখার জন্য শাখা ব্যবস্থাপনাকে পরামর্শ দেয়া হয়েছে”।

২. বাংলাদেশ ব্যাংক, পরিদর্শন দল কর্তৃক ইতিমধ্যে পরিদর্শিত সকল শাখায় উপরোক্ত আপত্তি উত্থাপিত হচ্ছে যা নিষ্পত্তি হওয়া প্রয়োজন।


৩. এমতাবস্থায় জরুরী ভিত্তিতে ব্যাংকের সকল আঞ্চলিক কার্যালয়, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং সকল শাখায় অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সরকারী ক্রয় নীতিমালা অনুসরণপূর্বক জরুরী ভিত্তিতে ১টি করে ০৫ কেজি ক্যাপাসিটির এ.বি.সি টাইপ অগ্নিনির্বাপক যন্ত্র ক্রয় ও স্থাপনের জন্য সকল আঞ্চলিক ব্যবস্থাপক, সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা এবং সকল শাখা ব্যবস্থাপক-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪. ব্যয়টি ব্যাংকের মূলধনী ব্যয় হিসাবে ‘অফিস সরঞ্জাম’ ক্রয় খাত হতে নির্বাহ করা হবে। ব্যয়ের পর প্রধান কার্যালয় হতে খরোচোত্তর ব্যয় অনুমোদন নিতে হবে।

৫. আঞ্চলিক ব্যবস্থাপক ক্রয়ের বিষয়টি নিশ্চিত করবেন।

৬. এ বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে,


শ্রী. জাকির মিয়া
সহকারী মহাব্যবস্থাপক
মোবাইলঃ ০১৭১২ ২১৩৯৮৬

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১) স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) মহাব্যবস্থাপক (প্রশাসন / অপারেশন), আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) উপ-বিভাগ প্রধান, নিরীক্ষা ও পরিদর্শন উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহ)
- ৫) নথি/ মহানথি।